নাম: ______________________________

***Bengali Edition***
*Grade 7 2026*
*Mathematics Test*
*Session 1*
*Spring 2026*

# নিউ ইয়র্ক রাজ্যের পরীক্ষাগ্রহণ কার্যক্রম গণিত পরীক্ষা সেশন 1

## গ্রেড 7

বসন্ত 2026

**RELEASED QUESTIONS**

Developed and published under contract with the New York State Education Department by NWEA, a division of HMH, 125 High St., Boston, MA 02110. Copyright © 2026 by the New York State Education Department.

# সেশন 1

## পরীক্ষা দেবার কিছু পরামর্শ

তুমি যাতে সবচেয়ে ভালো করতে পারো সেজন্য এখানে কিছু ধারণা দেওয়া হলো:

- প্রতিটি প্রশ্ন মনোযোগ সহকারে পড়ো। সময় নাও।
- তোমার প্রশ্নের উত্তর দিতে যদি প্রয়োজন হয় তাহলে তোমাকে দেওয়া রুলার, চাঁদা, রেফারেন্স শিট ও ক্যালকুলেটর ব্যবহার করো।

**1** মিস্টার জোসেফ একটি নতুন গেমিং সিস্টেম ও গেমের জন্য মোট $540.00 প্রদান করেছেন। তিনি গেমিং সিস্টেমের জন্য $300.00 এবং প্রতিটি গেমের জন্য $60.00 দিয়েছিলেন। মিস্টার জোসেফ কয়টি গেম কিনেছিলেন?


**A** 3টি

**B** 4টি

**C** 5টি

**D** 9টি

**2** চারজন ছাত্রের একটি দল তাসের একটি প্যাক ব্যবহার করে একটি খেলা খেলছে। প্যাকের কার্ডগুলোতে $-10$ থেকে 10 পূর্ণসংখ্যার লেবেল আছে। প্রত্যেক ছাত্র ডেক থেকে দুটি কার্ড নিয়ে কার্ডের যোগফল বের করে তাদের স্কোর নির্ধারণের করে। প্রত্যেক ছাত্রের নেওয়া দুটি কার্ড নিচে দেখানো হলো।




কোন কোন ছাত্রের স্কোর 0?

**A** আলবার্তো এবং জেনি

**B** জেনি এবং লিসাকো

**C** আলবার্তো এবং পল

**D** জেনি এবং পল

চলতে থাকুন

**3** একটি ফার্ম গ্রাহকদের জন্য ব্লুবেরি প্রতি পাউন্ডে বিক্রি করে। নিচের টেবিলে বিক্রিত ব্লুবেরির পাউন্ডের সংখ্যা $b$ এবং ডলারে দাম $p$-এর সম্পর্ক দেখানো হয়েছে।

**ব্লুবেরির দাম**

| পাউন্ড ব্লুবেরি, *b* | মূল্য (ডলার), *p* |
|---|---|
| 2 | \$11.98 |
| 4 | \$23.96 |
| 6 | \$35.94 |

নিচের কোন বিবরণটি ডলারে দাম $p$ এবং বিক্রিত ব্লুবেরির পাউন্ড $b$-এর মধ্যে অনুপাতীয় ধ্রুবক নির্দেশ করে?

**A** প্রতি পাউন্ডের দাম হলো \$0.17।

**B** প্রতি পাউন্ডের দাম হলো \$5.99।

**C** প্রতি পাউন্ডের দাম হলো \$9.98।

**D** প্রতি পাউন্ডের দাম হলো \$11.98।

**4** $\left(-\frac{5}{6}\right) \div \left(-\frac{1}{3}\right)$ রাশির মান কত?

**A** $-2\frac{1}{2}$

**B** $-\frac{5}{18}$

**C** $\frac{5}{18}$

**D** $2\frac{1}{2}$

**চলতে থাকুন**

**5** একটি জলের হোস ব্যবহার করে 3,000-গ্যালনের একটি সুইমিং পুল ভর্তি করা হচ্ছে। হোস দিয়ে জলের ধারা ধ্রুবক হারে প্রবাহিত হচ্ছে। যদি পুলটি সম্পূর্ণ ভর্তি হতে $2\frac{1}{2}$ ঘন্টা লাগে, তবে প্রতি ঘন্টায় কত গ্যালন জল পুলে ভরা হয়েছে?

**A** 300

**B** 600

**C** 1,200

**D** 7,500

**6** শামেকা একটি নতুন স্কুটারের জন্য অর্থ জমাচ্ছে যার দাম $248.00। সে ইতিমধ্যেই $100.00 জমিয়েছে। প্রতি সপ্তাহে একই পরিমাণ অর্থ জমিয়ে সে 8 সপ্তাহের মধ্যে স্কুটারটি কিনতে চায়। শামেকা প্রতি সপ্তাহে সবচেয়ে কম কত ডলার জমাতে পারে যাতে সে তার লক্ষ্য অর্জন করতে পারে?

**A** $16.45

**B** $18.50

**C** $31.00

**D** $43.50

***চলতে থাকুন***

**7** নিচের সারণিতে $y$ এবং $x$-এর মধ্যে একটি আনুপাতিক সম্পর্ক দেখানো হয়েছে।

| $x$ | $y$ |
|---|---|
| 2 | 0.6 |
| 3 | 0.9 |
| 4 | 1.2 |
| 5 | 1.5 |

নিচের কোন সমীকরণটি আনুপাতিক সম্পর্ক নির্দেশ করে?

**A** $y = x + 0.3$

**B** $y = x + 3.\overline{3}$

**C** $y = 3.\overline{3}x$

**D** $y = 0.3x$

**8** একজন ছাত্র সকালের জলখাবারে যে কোনো একটি খাবার এবং একটি জুস বেছে নিতে পারে। সব খাবার ও জুসের ধরন নিচে দেওয়া হলো।

- খাবার: ডিম, টোস্ট, প্যানকেক, সসেজ
- জুস: আপেল, আঙুর, কমলা

ছাত্রটি যে কোনো একটি খাবার ও একটি জুসের ভিন্ন ভিন্ন কতগুলো জুড়ি বেছে নিতে পারবে?

**A** 3টি

**B** 4টি

**C** 7টি

**D** 12টি

***চলতে থাকুন***

**10** মিসেস মরগান একটি অফিসে কাজ করে প্রতি ঘন্টায় $15.50 আয় করেন। মঙ্গলবার তিনি $1\frac{1}{3}$ ঘণ্টা কাগজপত্র পূরণে, 1 ঘণ্টা ও 25 মিনিট ইমেইল পাঠাতে, এবং $3\frac{1}{4}$ ঘণ্টা অ্যাপয়েন্টমেন্ট তৈরিতে ব্যয় করেন। মিসেস মরগান মঙ্গলবার কত আয় করেন?

**A** $77.50

**B** $89.90

**C** $93.00

**D** $108.50

**চলতে থাকুন**

**11** নিচের কোন রাশিটি $3(5x + 2) - 2(6x - 7)$ -এর সমতুল্য?

**A** $23x$

**B** $-11x$

**C** $3x - 5$

**D** $3x + 20$

**12** জেসিকা \$1,200.00 জমা দিয়ে একটি সেভিংস অ্যাকাউন্ট খুলেছে। তিনি 4 বছর ধরে কোনো অতিরিক্ত জমা করেননি বা তোলেননি এবং সরল সুদে \$144.00 আয় করেছেন। সরল সুদ হিসেব করার জন্য ব্যাঙ্কটি কত বার্ষিক সুদের হার ব্যবহার করেছে?

**A** 0.3%


**B** 2.7%

**C** 3.0%

**D** 4.8%

**চলতে থাকুন**

**13** নিচের রেখচিত্রে একটি দোকানের গিফট ব্যাগের দাম দেখায়।




রেখচিত্রের ভিত্তিতে নিচের কোন বক্তব্যটি সঠিক?

**A** গিফট ব্যাগ প্রতি ইউনিট রেট হলো $0.20।

**B** গিফট ব্যাগ প্রতি ইউনিট রেট হলো $1.00।

**C** গিফট ব্যাগ প্রতি ইউনিট রেট হলো $2.00।

**D** গিফট ব্যাগ প্রতি ইউনিট রেট হলো $5.00।


**চলতে থাকুন**

**14** একটি টুর্নামেন্টে 17টি খেলায় দুটি ফুটবল দলের করা গোলের সংখ্যা নিচের সারণী এবং বিন্দু লেখচিত্রে দেখানো হয়েছে।

**দল A**

| গোল সংখ্যা | ফ্রিকোয়েন্সি |
|---|---|
| 0 | 2 |
| 1 | 4 |
| 2 | 2 |
| 3 | 3 |
| 4 | 6 |

**দল B**




খেলায় কোন দলের গোলের মধ্যমা সংখ্যা বেশি ছিল এবং সেই দলের গোলের মধ্যমা সংখ্যা কত?

**A** দল A-এর গোলের মধ্যক সংখ্যা 3।

**B** দল A-এর গোলের মধ্যক সংখ্যা 4।

**C** দল B-এর গোলের মধ্যক সংখ্যা 2।

**D** দল B-এর গোলের মধ্যক সংখ্যা 3।

**15** $-\frac{1}{5}$ ও $\frac{3}{8}$-এর গুণফল কত?

**A** $-\frac{8}{15}$

**B** $-\frac{3}{40}$

**C** $\frac{3}{40}$

**D** $\frac{8}{15}$

**চলতে থাকুন**

**17** জয়েস একটি ল্যাপটপ কিনছে। ল্যাপটপের মূল দাম $279.00। সে একটি কুপন ব্যবহার করে যার ফলে মূল দামের উপর 10% ছাড় পায়। ছাড়কৃত মূল্যের উপর 8.875% বিক্রয় কর প্রয়োগ করা হয় । নিকটতম সেন্টে নিয়ে হিসেব করলে জয়েস ল্যাপটপের জন্য মোট কত দাম দেয়?

**A** $228.81


**B** $260.13

**C** $273.39

**D** $334.14

**চলতে থাকুন**

**18** একটি বিজ্ঞান ক্লাসে, ছাত্ররা ৪টি টমেটো গাছ চড়া রোদে এবং ৪টি টমেটো গাছ ছায়ায় রাখলো। কয়েক সপ্তাহ পর গাছগুলোর উচ্চতা পরিমাপ করে রেকর্ড করা হয়েছিল। ফলাফলগুলো নিচের বিন্দু লেখচিত্রে দেখানো হয়েছে।




নিচের কোন বিবৃতিটি **সবচেয়ে ভালোভাবে** ডেটার বর্ণনা দিচ্ছে?

**A** চড়া রোদে থাকা গাছপালার উচ্চতা ছায়ায় থাকা গাছপালার উচ্চতার চেয়ে বেশি পরিবর্তিত হয়েছিল।

**B** ছায়ায় থাকা গাছপালার উচ্চতা চড়া রোদে থাকা গাছপালার উচ্চতার চেয়ে বেশি ছিল।


**C** চড়া রোদে থাকা গাছের গড় উচ্চতা ছায়ায় থাকা গাছের গড় উচ্চতার চেয়ে বেশি ছিল।

**D** ছায়ায় থাকা গাছপালার গড় উচ্চতা চড়া রোদে থাকা গাছপালার গড় উচ্চতার চেয়ে বেশি ছিল।


**চলতে থাকুন**

**19** নিচের কোন রেখচিত্রটি আনুপাতিক সম্পর্ক নির্দেশ করে?


**A**





**C**




**B**




**D**




**20** নিচে একটি সমীকরণ দেখানো হয়েছে।

$$4(x + 2) = \frac{12}{-0.25}$$

$x$-এর কোন মান সমীকরণটিকে সিদ্ধ করে?

**A** $-12.5$

**B** $-14$

**C** $-50$

**D** $-56$

**চলতে থাকুন**

**21** একজন শিল্পীকে জন্মদিনের পার্টিতে কাজ করার জন্য \$20.00 দেওয়া হয়, এবং এর সাথে পার্টি চলাকালীন আঁকা প্রতিটি প্রতিকৃতির জন্য \$5.00 দেওয়া হয়। শিল্পী পার্টিতে কমপক্ষে \$200.00 আয় করতে চান। নিচের কোন অসমতায় প্রতিকৃতির সংখ্যা $x$-কে দেখানো হয়েছে যা ঐ শিল্পী যদি অন্তত \$200.00 আয় করতে চান তাহলে তাকে আঁকতে হবে?

**A** $20x + 5 \leq 200$

**B** $20x + 5 < 200$

**C** $5x + 20 \geq 200$

**D** $5x + 20 > 200$

**22** বিয়াংকা ক্লাস প্রজেক্টের জন্য তার বেডরুমের একটি স্কেল অঙ্কন তৈরি করেছে, যেখানে স্কেল 1 ফুট হলো 1.5 সেমি এর সমান। এই অঙ্কনে, বিয়াংকার আয়তাকার বিছানার দৈর্ঘ্য 10.5 সেমি ও প্রস্থ 5.25 সেমি। বর্গফুটে বিয়াংকার বিছানার প্রকৃত ক্ষেত্রফল কত?

**A** 24.5

**B** 36.75

**C** 55.125

**D** 124.03

**23** নিচের কোন রাশিটি $7 - 2(3x + 6) - 4x$-এর সমতুল্য?

**A** $11x + 6$

**B** $11x + 30$

**C** $-10x - 5$

**D** $-10x + 13$

চলতে থাকুন

**25** দোকানে খরচ করার জন্য মাতেওর কাছে $20.00 আছে। সে তার অর্থের $\frac{2}{5}$ শার্টের জন্য ব্যয় করলো। তারপর সে অবশিষ্ট অর্থের 10% দিয়ে এক প্যাক গাম কিনল। মাতেও দোকানে মোট কত খরচ করলো?

**A** $8.80

**B** $9.20

**C** $10.80

**D** $13.20

চলতে থাকুন

**26** $\left(\frac{4}{5}\right)(0.2)\left(-\frac{5}{8}\right)$-এর মান কত?

**A** $-\frac{1}{10}$


**B** $-\frac{3}{8}$

**C** $\frac{1}{10}$

**D** $\frac{3}{8}$

***চলতে থাকুন***

**27** নিচের রেখচিত্রটি $x$ আপেল থেকে বানানো জুসের পরিমাণ $y$-এর মধ্যে সম্পর্ক দেখায়।




রেখচিত্রের কোন বিন্দুতে একটি $y$-স্থানাঙ্ক আছে যা $1$ আপেল থেকে কত ফ্লুইড আউন্স জুস থেকে তৈরি হয় তার সংখ্যা দেখায়?

**A** P বিন্দু

**B** Q বিন্দু

**C** R বিন্দু

**D** S বিন্দু

**চলতে থাকুন**

**29** চারটি মিডল স্কুল ক্লাসের শিক্ষার্থীরা একটি ফিল্ড ট্রিপের জন্য অর্থ সংগ্রহ করেছে। প্রতিটি ক্লাস যে পরিমাণ অর্থ সংগ্রহ করেছে তা নিচে বর্ণনা করা হলো।

- মিস স্ট্রাজুলোর ক্লাস থেকে $153.45 সংগ্রহ করা হয়েছে।
- মিস্টার ফিওরেন্তিনোর ক্লাস মিস স্ট্রাজুলোর ক্লাসের চেয়ে $123.23 বেশি সংগ্রহ করেছে।
- মিস রুবাসের ক্লাস মিস্টার ফিওরেন্টিনোর ক্লাসের তুলনায় $176.32 কম সংগ্রহ করেছে।
- মিস্টার স্মিথের ক্লাস মিস রুবাসের ক্লাসের চেয়ে $234.89 বেশি সংগ্রহ করেছে।

যদি ফিল্ড ট্রিপের মোট খরচ $800.00 হয়, তাহলে তারা কত অতিরিক্ত অর্থ সংগ্রহ করেছে?

**A** $65.74


**B** $112.11

**C** $687.89

**D** $865.74

**চলতে থাকুন**

**30** নিচে দেখানো বিন্দু লেখচিত্রে 9টি প্রাপ্তবয়স্ক বিড়ালের ওজন লিপিবদ্ধ করা হয়েছে।




বিন্দু লেখচিত্রের তথ্যের পরিমাপের একক সঠিকভাবে শনাক্ত করতে সংখ্যা রেখার কোন লেবেল ব্যবহার করা যেতে পারে?

**A** বিড়ালের সংখ্যা

**B** বছরের সংখ্যা

**C** ইঞ্চির সংখ্যা

**D** পাউন্ডের সংখ্যা

**31** নিচে একটি অসম্পূর্ণ সমীকরণ দেখানো হয়েছে।

$$(5.2 - 1.6) + (\underline{\ \ ?\ \ }) = 0$$

নিচের কোন রাশিটি সমীকরণটিকে সম্পন্ন করে যাতে তা সত্য হয়?

**A** $5.2 + 1.6$

**B** $5.2 - 1.6$

**C** $-5.2 - 1.6$

**D** $-5.2 + 1.6$

**চলতে থাকুন**

**32** নিচের কোন রাশিটি $-\frac{1}{4}(12x - 6)$-এর সমতুল্য?

**A** $3x + 6$

**B** $3x - 6$

**C** $-3x + 1\frac{1}{2}$

**D** $-3x - 1\frac{1}{2}$

**থামুন**

গ্রেড 7

গণিত পরীক্ষা

সেশন 1

বসন্ত 2026

# Grade 7

## Mathematics Test

## Session 1

## Spring 2026

নাম: ______________________________

**Bengali Edition**
*Grade 7 2026*
*Mathematics Test*
*Session 2*
*Spring 2026*

# নিউ ইয়র্ক রাজ্যের পরীক্ষাগ্রহণ কার্যক্রম গণিত পরীক্ষা সেশন 2

# গ্রেড 7

**বসন্ত 2026**

# RELEASED QUESTIONS

GRADE 7 MATH SESSION 2

Developed and published under contract with the New York State Education Department by NWEA, a division of HMH, 125 High St., Boston, MA 02110. Copyright © 2026 by the New York State Education Department.

# সেশন 2

**পরীক্ষা দেবার কিছু পরামর্শ**

তুমি যাতে সবচেয়ে ভালো করতে পারো সেজন্য এখানে কিছু ধারণা দেওয়া হলো:

- প্রতিটি প্রশ্ন মনোযোগ সহকারে পড়ো। সময় নাও।
- তোমার প্রশ্নের উত্তর দিতে যদি প্রয়োজন হয় তাহলে তোমাকে দেওয়া রুলার, চাঁদা, রেফারেন্স শিট ও ক্যালকুলেটর ব্যবহার করো।
- যদি চাওয়া হয় তাহলে তোমার কাজ দেখাতে ভুল করো না।
- জানতে চাওয়া হলে অবশ্যই তোমার উত্তর ব্যাখ্যা করো।

**33** নিচের সারণীতে গ্রাহকরা তাদের গাড়িতে কত গ্যালন গ্যাসোলিন নিয়েছেন এবং প্রদান করা মোট মূল্য দেখানো হয়েছে।

**গ্যাসোলিনের দাম**

| গ্যালন, *g* | মোট মূল্য, *p* |
|---|---|
| 3 | \$9.63 |
| 5 | \$16.05 |
| 9 | \$28.89 |

মোট দাম, $p$ এর সাথে কেনা গ্যাসোলিনের গ্যালন, $g$ এর সম্পর্ক কোন সমীকরণ দ্বারা প্রকাশ করা যায়?

**A** $p = 0.31g$

**B** $p = 3.21g$

**C** $p = 6.42g$

**D** $p = 9.63g$

**34** নিচের কোন রাশিটি $\left(\frac{-45}{-9}\right)$-এর সমতুল্য?

**A** $-\left(\frac{45}{9}\right)$

**B** $\frac{-45}{9}$

**C** $\frac{45}{-9}$

**D** $\frac{45}{9}$

চলতে থাকুন

**35** মিসেস সুয়ারেজ 4টি পেন্সিলের প্যাকেট $4.48 দামে কিনেছেন। প্রতিটি প্যাকেটের দাম সমান। ডলারে প্রতিটি প্যাকেটের ইউনিট দাম কত?

**A** $0.48

**B** $0.89

**C** $1.12

**D** $4.00

**36** অ্যাশলি একটি বই কিনেছেন, যা মূল দাম $x$-এর উপর 25% ছাড়ে বিক্রি হচ্ছে। রাশি $x - 0.25x$ ব্যবহার করে বইটির চূড়ান্ত দাম বের করা যায়। বইয়ের চূড়ান্ত মূল্য নির্ধারণের জন্য নিচের কোন রাশিটি ব্যবহার করা যেতে পারে?

**A** $0.25x$

**B** $0.75x$

**C** $0.25x - x$

**D** $0.75x + x$

***চলতে থাকুন***

**37** জেডেন তার মিডল স্কুলের আয়তাকার বাস্কেটবল কোর্টের একটি স্কেল অঙ্কন করে।

- অঙ্কনটির স্কেল হলো 1 ইঞ্চি সমান 24 ফুট।
- বাস্কেটবল কোর্টের প্রকৃত দৈর্ঘ্য হলো $76\frac{4}{5}$ ফুট।

জেডেনের আঁকা আয়তাকার বাস্কেটবল কোর্টের দৈর্ঘ্য ইঞ্চিতে কত?


**A** $\frac{5}{16}$

**B** $3\frac{1}{5}$

**C** 24

**D** $52\frac{1}{5}$

**38** নিচে একটি বক্স প্লট দেখানো হলো।




বক্স প্লটের উপর ভিত্তি করে, ডেটা মান 23 সম্পর্কে নিচের কোনটি সত্য?

**A** এটি একটি ডেটা পয়েন্ট যা ডেটার অন্য পয়েন্টগুলোর তুলনায় অস্বাভাবিক দূরত্বে রয়েছে।

**B** এটি সেই ডেটা পয়েন্টকে নির্দেশ করে যা ডেটার মধ্যে সবচেয়ে বেশিবার ঘটেছে।

**C** এটি ডেটার আন্তঃকোয়ার্টাইল বিস্তারের প্রতিনিধিত্ব করে।

**D** এটি ডেটার মধ্যকের প্রতিনিধিত্ব করে।

**চলতে থাকুন**

**40** **এই প্রশ্নের ক্রেডিট 1।**

মিস্টার মরগানো মুদির দোকানে গেলেন। বিভিন্ন বস্তুর দাম নিচের টেবিলে দেখানো হয়েছে।

**মুদির দোকানের জিনিসপত্রের দাম**

| বস্তু | দাম |
|---|---|
| এক পাউন্ড আঙ্গুর | \$1.59 |
| এক পাউন্ড টার্কি | \$8.24 |
| এক পাউরুটি | \$1.33 |
| এক গ্যালন চকোলেট দুধ | \$2.78 |

মিস্টার মরগানো 3 পাউন্ড আঙ্গুর, $\frac{1}{2}$ পাউন্ড টার্কি, 2 টি পাউরুটি, এবং 1 গ্যালন চকলেট দুধ কিনলেন। তিনি \$20.00-এর নোট দিয়ে দাম পরিশোধ করলেন। মিস্টার মরগানো ডলারে কত টাকা ফেরত পাবেন?

*উত্তর* \$ ________________

**চলতে থাকুন**

**41**

**এই প্রশ্নের ক্রেডিট 1।**

নিচে দেখানো রাশিটি সম্পূর্ণভাবে সরলীকৃত করো।

$$-\frac{3}{4}(4x-8)+(x-2)$$

উত্তর ______________

**চলতে থাকুন**

**43**

**এই প্রশ্নের ক্রেডিট 2।**

একজন গ্রাহক একটি রেস্তোরাঁ থেকে 2টি টপিং সহ একটি লার্জ পিৎজা ও 2টি টপিং সহ একটি মিডিয়াম পিজা অর্ডার করেন। পিৎজা ও টপিংয়ের দাম নিচে দেওয়া হলো।

- টপিং ছাড়া লার্জ পিৎজা: $12.50
- টপিং ছাড়া মিডিয়াম পিৎজা: $10.25
- টপিং: প্রতি টপিং $1.25

গ্রাহকের অর্ডারে 20% ছাড় প্রয়োগ করা হয়েছে। ছাড় প্রয়োগের পর ট্যাক্স বাদে অর্ডারের মোট দাম কত?

***তোমার কাজ দেখাও।***

*উত্তর* $ ________________

**চলতে থাকুন**

**44**

**এই প্রশ্নের ক্রেডিট 2।**

জিম ও ডেভিন তাদের সাইকেল চালিয়ে এক বন্ধুর বাড়িতে দেখা করতে যায়।

- জিম $3\frac{1}{3}$ মাইল যায় $\frac{1}{2}$ ঘণ্টায়।
- ডেভিন $1\frac{7}{8}$ মাইল যায় $\frac{1}{4}$ ঘণ্টায়।

জিম এবং ডেভিনের গড় গতির মধ্যে প্রতি ঘন্টায় মাইলে কত পার্থক্য?

***তুমি কীভাবে তোমার উত্তর বের করেছো তা ব্যাখ্যা করো।***

---

---

---

**চলতে থাকুন**

**45**

**এই প্রশ্নের ক্রেডিট 2।**

ষষ্ঠ শ্রেণীর একদল ছাত্র তাদের প্রিয় আইসক্রিমের স্বাদ রেকর্ড করেছে। ফলাফল নিচের টেবিলে দেখানো হয়েছে।

**আইসক্রিমের প্রিয় ফ্লেভার**

| **আইসক্রিমের ফ্লেভার** | **ছাত্রের সংখ্যা** |
|---|---|
| ভ্যানিলা | 12 |
| চকলেট | 8 |
| স্ট্রবেরি | 5 |
| পেস্তা বাদাম | 3 |
| অন্যান্য | 4 |

যদি ষষ্ঠ শ্রেণীতে মোট 120 জন ছাত্র থাকে, তাহলে ফলাফলের উপর ভিত্তি করে সমগ্র ষষ্ঠ শ্রেণীতে যাদের আইসক্রিমের প্রিয় স্বাদ চকোলেট হবে, তাদের সম্ভাব্য সংখ্যা কত?

***তোমার কাজ দেখাও।***


***উত্তর*** __________________ জন শিক্ষার্থী

***চলতে থাকুন***

**46** **এই প্রশ্নের ক্রেডিট 2।**

এরিক ও জেনার চাকরির আয় নিচের রেখচিত্র ও টেবিলে দেখানো হয়েছে।

**এরিকের আয়**




**জেনার আয়**

| ঘণ্টা, $x$ | আয় (ডলার), $y$ |
|---|---|
| 3 | 54 |
| 6 | 108 |
| 9 | 162 |
| 12 | 216 |

কোন ব্যক্তির আয়ের পরিমাণ কাজ করা ঘণ্টার সংখ্যার সমানুপাতিক?

***তোমার উত্তর ব্যাখ্যা করো।***

চলতে থাকুন

**47**

**এই প্রশ্নের ক্রেডিট 2।**

নিচে একটি রাশি দেখানো হলো।

$$\left(\frac{1}{2}\right)(-0.4) \div \left(\frac{1}{3}\right)$$

রাশিটি মূল্যায়ন করো।

***তোমার কাজ দেখাও।***

*উত্তর* ________________

**চলতে থাকুন**

**48**

**এই প্রশ্নের ক্রেডিট 3।**

নিকোলাস একটি বোলিং অ্যালিতে গেল। বোলিং অ্যালি জুতো জোড়া ভাড়া করার জন্য নিকোলাসকে এককালীন ফি \$3.75 এবং প্রতি গেমের জন্য \$5.25 ধার্য করলো। নিকোলাস যদি জুতো ও গেমের জন্য মোট \$30.00 খরচ করে তাহলে খেলার সংখ্যা $x$ নির্ধারণের জন্য একটি সমীকরণ লিখে সমাধান করো।

***তোমার কাজ দেখাও।***

***উত্তর*** ________________টি গেম

**থামুন**

গ্রেড 7

গণিত পরীক্ষা

সেশন 2

বসন্ত 2026

Grade 7

Mathematics Test

Session 2

Spring 2026

## THE STATE EDUCATION DEPARTMENT

**THE UNIVERSITY OF THE STATE OF NEW YORK / ALBANY, NY 12234**

**2026 Mathematics Tests Map to the Standards**

**Grade 7**

| Question | Type | Key | Points | Standard | Cluster | Subscore | Secondary Standard(s) |
|---|---|---|---|---|---|---|---|
| **Session 1** | | | | | | | |
| 1 | Multiple Choice | B | 1 | NGLS.Math.Content.NY-7.EE.4a | Expressions and Equations | Expressions and Equations | |
| 2 | Multiple Choice | D | 1 | NGLS.Math.Content.NY-7.NS.1b | The Number System | The Number System | |
| 3 | Multiple Choice | B | 1 | NGLS.Math.Content.NY-7.RP.2b | Ratios and Proportional Relationships | Ratios and Proportional Relationships | |
| 4 | Multiple Choice | D | 1 | NGLS.Math.Content.NY-7.NS.2c | The Number System | The Number System | |
| 5 | Multiple Choice | C | 1 | NGLS.Math.Content.NY-7.RP.1 | Ratios and Proportional Relationships | Ratios and Proportional Relationships | |
| 6 | Multiple Choice | B | 1 | NGLS.Math.Content.NY-7.EE.4b | Expressions and Equations | Expressions and Equations | |
| 7 | Multiple Choice | D | 1 | NGLS.Math.Content.NY-7.RP.2c | Ratios and Proportional Relationships | Ratios and Proportional Relationships | |
| 8 | Multiple Choice | D | 1 | NGLS.Math.Content.NY-7.SP.8b | Statistics and Probability | | |
| 10 | Multiple Choice | C | 1 | NGLS.Math.Content.NY-7.EE.3 | Expressions and Equations | Expressions and Equations | |
| 11 | Multiple Choice | D | 1 | NGLS.Math.Content.NY-7.EE.1 | Expressions and Equations | Expressions and Equations | |
| 12 | Multiple Choice | C | 1 | NGLS.Math.Content.NY-7.RP.3 | Ratios and Proportional Relationships | Ratios and Proportional Relationships | |
| 13 | Multiple Choice | D | 1 | NGLS.Math.Content.NY-7.RP.2d | Ratios and Proportional Relationships | Ratios and Proportional Relationships | |
| 14 | Multiple Choice | A | 1 | NGLS.Math.Content.NY-7.SP.4 | Statistics and Probability | | |
| 15 | Multiple Choice | B | 1 | NGLS.Math.Content.NY-7.NS.2c | The Number System | The Number System | |
| 17 | Multiple Choice | C | 1 | NGLS.Math.Content.NY-7.RP.3 | Ratios and Proportional Relationships | Ratios and Proportional Relationships | |
| 18 | Multiple Choice | C | 1 | NGLS.Math.Content.NY-7.SP.3 | Statistics and Probability | | |
| 19 | Multiple Choice | A | 1 | NGLS.Math.Content.NY-7.RP.2a | Ratios and Proportional Relationships | Ratios and Proportional Relationships | |
| 20 | Multiple Choice | B | 1 | NGLS.Math.Content.NY-7.EE.4a | Expressions and Equations | Expressions and Equations | |
| 21 | Multiple Choice | C | 1 | NGLS.Math.Content.NY-7.EE.4b | Expressions and Equations | Expressions and Equations | |
| 22 | Multiple Choice | A | 1 | NGLS.Math.Content.NY-7.G.1 | Geometry | | |
| 23 | Multiple Choice | C | 1 | NGLS.Math.Content.NY-7.EE.1 | Expressions and Equations | Expressions and Equations | |
| 25 | Multiple Choice | B | 1 | NGLS.Math.Content.NY-7.EE.3 | Expressions and Equations | Expressions and Equations | |
| 26 | Multiple Choice | A | 1 | NGLS.Math.Content.NY-7.NS.3 | The Number System | The Number System | |
| 27 | Multiple Choice | B | 1 | NGLS.Math.Content.NY-7.RP.2d | Ratios and Proportional Relationships | Ratios and Proportional Relationships | |
| 29 | Multiple Choice | A | 1 | NGLS.Math.Content.NY-7.NS.3 | The Number System | The Number System | |
| 30 | Multiple Choice | D | 1 | NGLS.Math.Content.NY-6.SP.5b | Statistics and Probability | | |
| 31 | Multiple Choice | D | 1 | NGLS.Math.Content.NY-7.NS.1a | The Number System | The Number System | |
| 32 | Multiple Choice | C | 1 | NGLS.Math.Content.NY-7.EE.1 | Expressions and Equations | Expressions and Equations | |
| **Session 2** | | | | | | | |
| 33 | Multiple Choice | B | 1 | NGLS.Math.Content.NY-7.RP.2c | Ratios and Proportional Relationships | Ratios and Proportional Relationships | |
| 34 | Multiple Choice | D | 1 | NGLS.Math.Content.NY-7.NS.2b | The Number System | The Number System | |
| 35 | Multiple Choice | C | 1 | NGLS.Math.Content.NY-7.RP.2b | Ratios and Proportional Relationships | Ratios and Proportional Relationships | |
| 36 | Multiple Choice | B | 1 | NGLS.Math.Content.NY-7.EE.2 | Expressions and Equations | Expressions and Equations | |
| 37 | Multiple Choice | B | 1 | NGLS.Math.Content.NY-7.G.1 | Geometry | | |
| 38 | Multiple Choice | A | 1 | NGLS.Math.Content.NY-7.SP.1 | Statistics and Probability | | |
| 40 | Constructed Response | | 1 | NGLS.Math.Content.NY-7.NS.3 | The Number System | The Number System | |
| 41 | Constructed Response | | 1 | NGLS.Math.Content.NY-7.EE.1 | Expressions and Equations | Expressions and Equations | |
| 43 | Constructed Response | | 2 | NGLS.Math.Content.NY-7.EE.3 | Expressions and Equations | Expressions and Equations | NGLS.Math.Content.NY-7.RP.3 |
| 44 | Constructed Response | | 2 | NGLS.Math.Content.NY-7.RP.1 | Ratios and Proportional Relationships | Ratios and Proportional Relationships | |
| 45 | Constructed Response | | 2 | NGLS.Math.Content.NY-6.SP.7 | Statistics and Probability | | |
| 46 | Constructed Response | | 2 | NGLS.Math.Content.NY-7.RP.2a | Ratios and Proportional Relationships | Ratios and Proportional Relationships | |
| 47 | Constructed Response | | 2 | NGLS.Math.Content.NY-7.NS.2c | The Number System | The Number System | |
| 48 | Constructed Response | | 3 | NGLS.Math.Content.NY-7.EE.4a | Expressions and Equations | Expressions and Equations | |

*This item map is intended to identify the primary analytic skills necessary to successfully answer each question. However, some questions measure proficiencies described in multiple standards, including a balanced combination of procedural and conceptual understanding.